

**ভূমিহীন পরিবারের সন্তানদের লেখাপড়া
নতুন করে কৃষি খাস জমি
শিক্ষা প্রতিষ্ঠানকে
বন্দোবস্ত দেয়া হবে**

জাতীয় কৃষি খাস জমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির এক সভায় শনিবার সিদ্ধান্ত হয়েছে, পুনর্বাসিত ভূমিহীন পরিবারের ছেলেমেয়েদের লেখাপড়া করার জন্য নতুন জেগে ওঠা চরঞ্চলে কৃষি খাস জমি শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে বন্দোবস্ত প্রদান করা যাবে।

জাতীয় কৃষি খাস জমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির ১৪তম এই সভায় ভূমিমন্ত্রী এম শামসুল ইসলাম সভাপতিত্ব করেন। স্বর তথ্য বিবরণী।

সভায় উল্লেখ করা হয়, নতুন জেগে ওঠা চরঞ্চলের জমি কৃষি খাস জমি হিসাবে রেকর্ড করা হয়ে থাকে। কৃষি খাস জমি বন্দোবস্ত নীতিমালায় চরঞ্চলের জমি শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে বন্দোবস্ত দেয়ার কোন বিধান নেই। নীতিমালা মোতাবেক এসব জেগে ওঠা চরে ভূমিহীনদের পুনর্বাসন করা হয়।

সভায় ভূমিমন্ত্রী এম শামসুল ইসলাম সরকারী খাস জমি যাতে সঠিকভাবে ভূমিহীনরা পায় সেদিকে লক্ষ্য রাখার জন্যও কমিটির সদস্যদের নির্দেশ প্রদান করেন। তিনি বলেন, সরকারের লক্ষ্য হলো কৃষি খাস জমিতে ভূমিহীনদের পুনর্বাসনের মাধ্যমে তাদের জীবনযাত্রা মানোন্নয়ন করা।